



## চাকরিচ্যুত বিডিআর সদস্যদের কর্মসূচিতে পুলিশের জলকামান নিষ্ক্ষেপ



সংগৃহীত ছবি

রাজধানীর কাকরাইলে চাকরিচ্যুত বিডিআর সদস্যদের অবস্থান কর্মসূচিতে জলকামান ব্যবহার করেছে পুলিশ। পিলখানা হত্যাকাণ্ডের পর চাকরি হারানো এসব সদস্যরা দীর্ঘদিন ধরে পুনর্বহাল, রাষ্ট্রীয় সুযোগ-সুবিধা নিশ্চিতসহ তিন দফা দাবিতে আন্দোলন চালিয়ে আসছেন।

সোমবার (৭ জুলাই) দুপুর ১২টার দিকে শাহবাগ থেকে পদযাত্রা শুরু করে প্রধান উপদেষ্টার বাসভবন 'যমুনা'র দিকে অগ্রসর হচ্ছিলেন তারা। কাকরাইল মোড়ে পৌঁছালে পুলিশ তাদের গতিরোধ করে এবং পরে জলকামান প্রয়োগ করে ছত্রভঙ্গ করে দেয়।

এর আগে সকাল থেকেই শাহবাগ জাতীয় জাদুঘরের সামনে শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচি পালন করছিলেন আন্দোলনকারীরা। তারা দাবি জানান—পিলখানা হত্যাকাণ্ডের প্রকৃত অপরাধীদের বিচার, ১৬ বছর ধরে কারাবন্দী নিরপরাধ সদস্যদের মুক্তি এবং বাংলাদেশ রাইফেলস (বিডিআর) নামটি পুনঃস্থাপন।

আন্দোলনকারীরা বলেন, তাদের দাবি মেনে নেওয়া না হলে ভবিষ্যতে আরও কঠোর কর্মসূচি দেওয়া হবে। এসময় তারা যমুনার অভিমুখে পদযাত্রার ঘোষণাও দেন।